# AKASHVANI(AIR)

## RNU : KOLKATA

### BENGALI TEXT BULLETIN

**DATE : 22-03-2026** **TIME : 7.35**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) এসআইআর এর অ্যাজুডিকেশনে থাকা প্রথম সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশের আগে বিভিন্ন জায়গায় ভিড় নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জেলাশাসকদের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

২) আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা চূড়ান্ত করতে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক গুরুত্বপূর্ণ বৈঠকে বসছেন।

রাজ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা।

৩) পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে কেন্দ্র রাজ্যগুলিকে বাণিজ্যিক গ্যাসের সরবরাহের পরিমাণ আরও ২০ শতাংশ বাড়িয়ে ৫০ শতাংশ করেছে।

৪) আর জি কর হাসপাতালে লিফটকান্ডে মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতে হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে স্বাস্থ্য দফতর।

#ধৃত পাঁচজনের ২৭ শে মার্চ পর্যন্ত পুলিশ হেফাজত।

৫) পশ্চিমী ঝঞ্ঝা ও নিম্নচাপ দুর্বল হওয়ার কারণে আজ থেকে রাজ্যের সর্বত্রই বৃষ্টির পরিমাণ কমবে।

-----------------------------------------------------------------------------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর পর প্রথম সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশের পূর্বে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার নির্দেশিকা জারি করেছে। আগামীকাল এই তালিকা প্রকাশ পেতে পারে বলে খবর। গতকাল স্বরাষ্ট্র দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর বিভিন্ন জায়গায় সম্ভাব্য ভিড় নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সব জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে। সংকটপ্রবণ এলাকায় কড়া নজরদারির ব্যবস্থা করতে হবে। এলাকায় শান্তি বজায় রাখতে সব রকম ব্যবস্থা সুনিশ্চিত করার কথা বলা হয়েছে।

----------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা চূড়ান্ত করতে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক গুরুত্বপূর্ণ বৈঠকে বসছেন। 'জয়েন্ট ফোর্স ডিপ্লয়মেন্ট কমিটি'র এই বৈঠকে উপস্থিত থাকার জন্য রাজ্যের বিশেষ পর্যবেক্ষক এন কে মিশ্র, আইন বিভাগের এডিজি আনন্দ কুমার, সি আর পি এফ-এর আই জি শলভ মাথুর এবং ট্রাফিক বিভাগের আইজি গৌরব শর্মাকে ডাকা হয়েছে। নির্দেশিকায় জানানো হয়েছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের পাঠানো বাহিনী মোতায়েন সংক্রান্ত পরিকল্পনা খতিয়ে দেখা এবং তার বাস্তবায়নই এই বৈঠকের মূল উদ্দেশ্য। বিশেষ করে আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী কীভাবে এবং কোথায় মোতায়েন করা হবে, সেই বিষয়টি বিস্তারিতভাবে আলোচনা করা হবে।

----------------------

আগেই জানানো হয়েছে, আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করা হয়েছে। এর আগে ভোট পরবর্তী হিংসার ইতিহাসের কথা মাথায় রেখে নির্বাচন পর্ব শেষ হওয়ার পরেও প্রায়

৭০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে থাকবে। এর মধ্যে ই ভি এম-এর নিরাপত্তার জন্য আলাদা করে ২০০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। স্ট্রং রুম ও ইভিএম সংরক্ষণ কেন্দ্রগুলির নিরাপত্তার দায়িত্বে থাকবে এই বাহিনী।

অন্যদিকে, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আরও ৫০০ কোম্পানি বাহিনী কাজ করবে।

-----------------------

বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন, ইভিএম ও ভিভিপ্যাট বণ্টন প্রক্রিয়ার প্রথম ধাপ সম্পন্ন করেছে। কমিশন জানিয়েছে, প্রথম পর্যায়ের র‍্যান্ডমাইজেশন প্রক্রিয়া শেষের পর সংশ্লিষ্ট তালিকা জাতীয় ও রাজ্যস্তরের স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের হাতে তুলে দেওয়া হয়েছে। নিয়ম অনুযায়ী, ইভিএম বণ্টন দুই ধাপে র‍্যান্ডমাইজেশনের মাধ্যমে করা হয়। প্রথম ধাপে জেলা স্তরের গুদাম থেকে এলোমেলোভাবে ইভিএম, বিভিন্ন বিধানসভা কেন্দ্রে বরাদ্দ করা হয়। দ্বিতীয় ধাপে সেখান থেকে আবার এলোমেলোভাবে ইভিএম পাঠানো হয় নির্দিষ্ট বুথে। নির্দেশ অনুযায়ী, প্রথম স্তরের পরীক্ষা বা এফএলসি উত্তীর্ণ ই ভি এম-গুলিকেই এই র‍্যান্ডমাইজেশন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে। জেলা নির্বাচনী আধিকারিকরা রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে এই প্রক্রিয়া সম্পন্ন করেছেন।

মনোনয়ন প্রক্রিয়া শেষ হয়ে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর দ্বিতীয় পর্যায়ের র‍্যান্ডমাইজেশন করা হবে এবং সেই তালিকাও প্রার্থীদের সঙ্গে ভাগ করে নেওয়া হবে বলে জানিয়েছে কমিশন।

-----------------------

কলকাতার রেডরোডে ঈদের নামাজে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এসআইআর ইস্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আক্রমণের নিশানা করায়, বিজেপি তার

তীব্র সমালোচনা করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেন, ধর্মীয় অনুষ্ঠানের মঞ্চ থেকে প্রধানমন্ত্রী সম্পর্কে মুখ্যমন্ত্রী যা বলেছেন, তা নজিরবিহীন।

(বাইট – শমীক)

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী উৎসবের মঞ্চকে রাজনীতির মঞ্চে পরিণত করেছেন। এস আই আর নিয়ে লড়াই করার হলে দিল্লিতে গিয়ে মুখ্যমন্ত্রীর আন্দোলন করা উচিত বলে মন্তব্য করেন তিনি।

(বাইট –অধীর)

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী গতকাল রেড রোডে ঈদের শুভেচ্ছা জানানোর পরই এস আই আর-এর প্রসঙ্গ উত্থাপন করেন। তিনি অভিযোগ করেন, ভোটার তালিকায় সংশোধনের মাধ্যমে একদিকে সংখ্যালঘুদের নাম বাদ দেওয়া হচ্ছে, অন্যদিকে, প্রধানমন্ত্রী আরবে গিয়ে মুসলিম নেতাদের সঙ্গে সৌজন্য বিনিময় করছেন।

(বাইট – মমতা ব্যানার্জী)

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **আগামী ২৯শে মার্চ রবিবার,** আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App অথবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

----------------------

কেন্দ্র, দেশের সব রাজ্যের জন্য বাণিজ্যিক এল পি জি-র বরাদ্দ আরও ২০ শতাংশ বাড়িয়ে মোট ৫০ শতাংশ বরাদ্দ অনুমোদন করেছে। ব্যবসা সংক্রান্ত সংস্কার ও সম্প্রসারণের জন্য ১০ শতাংশ পি এন জি বরাদ্দ করা হয়েছে।

পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতিতে বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের বরাদ্দ বৃদ্ধির কথা ঘোষণা করে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক অন্যান্য রাজ্যের পাশাপাশি রাজ্য সরকারকেও চিঠি দিয়েছে। রাজ্যের মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালাকে লেখা মন্ত্রকের সচিব নীরজ মিত্তাল-এর চিঠিতে আগামী সোমবার থেকে পরবর্তী নির্দেশ না জারি হওয়া পর্যন্ত রাজ্যের জন্য এই বরাদ্দ বৃদ্ধির কথা উল্লেখ করা হয়েছে। খাদ্য প্রক্রিয়াকরণ, দুগ্ধ শিল্প, ধাবা, হোটেল, রেস্তোরার মতো জায়গায় অগ্রাধিকারের ভিত্তিতে এই গ্যাস দেওয়া হবে বলে মন্ত্রকের তরফে জানানো হয়েছে।

দেশে পেট্রোল, ডিজেল বা এল পি জি-র কোনো ঘাটতি নেই বলে সরকার ফের আশ্বস্ত করেছে। জনগণকে আতঙ্কিত না হতেও বলা হয়েছে।

----------------------

আর জি কর হাসপাতালে সন্তানের চিকিতৎসা করাতে গিয়ে লিফটে আটকে দমদমের বাসিন্দা অরূপ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর ঘটনায় ধৃত পাঁচজনকে গতকাল শিয়ালদা আদালতে তোলা হলে ২৭শে মার্চ পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। এদের মধ্যে রয়েছে তিনজন লিফটম্যান – মিলন কুমার দাস, বিশ্বনাথ দাস, মানস কুমার গুহ এবং নিরাপত্তা রক্ষী আসরাফুল রহমান ও শুভদ্বীপ দাস।

টালা থানার কাছ থেকে ঘটনার তদন্তভার গ্রহণ করে লালবাজারের হোমিসাইড শাখা। গতকালই ঘটনাস্থলে যান তদন্তকারী আধিকারিকরা। একইসঙ্গে ফরেন্সিক দলও গতকাল ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

এদিকে, হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে ঘটনার রিপোর্ট তলব করেছে স্বাস্থ্য দফতর। দুর্ঘটনার কারণ, কার গাফিলতিতে তা ঘটলো, লিফটের রক্ষণাবেক্ষণ সহ একাধিক তথ্য উল্লেখ করে বিস্তারিত রিপোর্ট দিতে বলা হয়েছে। স্বাস্থ্য দফতরের এক শীর্ষ কর্তা জানান, ইতোমধ্যেই প্রাথমিক রিপোর্ট দিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। তবে বিস্তারিত রিপোর্ট দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল দমদমে নিহতের বাড়িতে যায়। ঘটনার জন্য আর জি কর হাসপাতাল কর্তৃপক্ষকেই দায়ী করেন তাঁরা।

-----------------------

পশ্চিমী ঝঞ্ঝা ও নিম্নচাপ অক্ষরেখা ক্রমশ দুর্বল হওয়ার ফলে আজ থেকে বৃষ্টির পরিমাণ অনেকটাই কমবে। তবে উপকূলীয় জেলাগুলিতে স্থানীয়ভাবে কোথাও কোথাও বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন।

বাইট -সৌরিশ

উত্তরবঙ্গেও আজ থেকে বৃষ্টির পরিমান কিছুটা কমবে। এদিকে বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার জন্য এক ধাক্কায় নেমেছে তাপমাত্রার পারদ। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় **১৯** দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে **১১** ডিগ্রি কম, **২৩** দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। তবে আজ থেকে তাপমাত্রা আবারও কিছুটা বেড়ে ধীরে ধীরে স্বাভাবিক হবে।

---------------------- ----------------------